

ସ୍ମରଣ୍ୟ

ବବିର ଭର୍ତ୍ତ ପରୀକ୍ଷା ୧୮-୧୯ ଅଷ୍ଟୋବର

প্রকাশ : ০৯ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বরিশাল বৃক্ষো

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা ১৮ ও ১৯ অঞ্চলের অনুষ্ঠিত হবে। এর ১১ দিন আগেই বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার দায়িত্বপ্রাপ্ত ভিসি ড. একেএম মাহবুব হাসানের মেয়াদ শেষ হচ্ছে মঙ্গলবার। ফলে নির্দিষ্ট সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে কিনা তা নিয়ে শঙ্কা দেখা দিলেও ভর্তি পরীক্ষার সব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন ববির দায়িত্বপ্রাপ্ত ভিসি। এ বছরের ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে লড়বে ৩৫ শিক্ষার্থী। এবার তিনটি ইউনিটে রেকর্ডসংখ্যক ৪৯ হাজার ৯৫৬ জন শিক্ষার্থী আবেদন করেছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি সূত্রে জানা গেছে, ভিসির পদটি শূন্য থাকলে নির্দিষ্ট সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিয়ে শঙ্খা রয়েছে। কারণ এ বিশ্ববিদ্যালয়ে প্রো-ভিসি পদের দায়িত্ব যেমন নেই, তেমনি ট্রেজারারের পদটিও মঙ্গলবার থেকে শূন্য হয়ে যাচ্ছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের উর্ধ্বতন এ তিনি পদই হচ্ছে স্থানীয়ভাবে সর্বোচ্চ প্রশাসনিক পদ। যা না থাকলে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার মতো দায়িত্ব নেয়ার কেউ থাকছে না।

নতুন ভিসি আসার তথ্যে ফের সক্রিয় হয়ে উঠেছে আন্দোলনের মুখে পরে ছুটিতে যাওয়া সাবেক ভিসি এসএম ইমামুল হকের অনুসারী কর্মকর্তারা। তিনি ছুটিতে যাওয়ার পর ট্রেজারার ড. একেএম মাহবুব হাসানকে দায়িত্বপ্রাপ্ত ভিসি করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।